# বাংলায় মুসলিম শাসন প্রতিষ্ঠা



বখতিয়ার খলজী

## বখতিয়ার খলজীর বাংলা জয়

মুহম্মদ ঘুরীর সেনাপতি কুতুবউদ্দিন আইবেকের অনুমতিক্রমে তুর্কী বীর ইখতিয়ার উদ্দিন মুহম্মদ বখতিয়ার খলজী ১২০৪ সালে (ত্রয়োদশ শতাব্দীতে) বাংলার শেষ স্বাধীন রাজা লক্ষ্মণ সেনকে পরাজিত করে বাংলা দখল করেন। বখতিয়ার খলজীর বাংলা অধিকারের মাধ্যমে বাংলায় মুসলিম শাসনের সূচনা হয়। তিনি দিনাজপুরের দেবকোটে বাংলার রাজধানী স্থাপন করেন।

## বাংলায় তুর্কী শাসন

বাংলায় মুসলিম শাসনের প্রাথমিক পর্যায় ছিল ১২০৪ সাল থেকে ১৩৩৮ সাল পর্যন্ত । এ যুগের শাসনকর্তারা সকলেই দিল্লির সুলতানের অধীনে বাংলার শাসনকর্তা হয়ে এসেছিলেন। অনেক শাসনকর্তাই দিল্লির বিরুদ্ধে বিদ্রোহ করে স্বাধীন হতে চেয়েছিলেন। তবে এদের বিদ্রোহ শেষ পর্যন্ত সফল হয়নি। দিল্লির আক্রমণের মুখে তা ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। ঘন ঘন বিদ্রোহ সংঘটিত হওয়ার জন্য দিল্লির ঐতিহাসিক জিয়াউদ্দিন বারাণী বাংলার নাম দিয়েছিলেন 'বুলগাকপুর' বা বিদ্রোহের নগরী।

## MCQ Solution

১. বাংলার প্রথম মুসলিম বিজেতা কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কপোতাক্ষ) : ১০ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]

ⓚ বখতিয়ার খলজী ⓚh ইলিয়াস শাহ

ⓖ হুসাইন শাহ ⓖh শিরান খলজী উত্তর: ক

২. বাংলায় মুসলিম শাসন (আধিপত্য বিস্তারের) সূচনা করেন- [বাতিলকৃত ২৪ তম বিসিএস / ইসলামী ব্যাংকের সহকারী অফিসার (গ্রেড-৩) : ০৮/ মহা হিসাবরক্ষক ও নিরীক্ষক এর অধীনে 'অডিটর' : ১৮]

ক মুহম্মদ বখতিয়ার খলজী খ মুহম্মদ বিন কাসিম

গ মুহম্মদ ঘুরী ঘ সুলতান মাহমুদ উত্তর: ক

৩. ইখতিয়ার উদ্দিন মোহাম্মদ বখতিয়ার খলজী বাংলা জয় করেন কোন সালে? [৩০তম বিসিএস/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ক্রিসানথিমাম) : ১২/ ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮/ শ্রম অধিদরের রেজিস্ট্রার : ০০]

ক ১২১২ খ ১২০০

গ ১২০৪ ঘ ১২১১ উত্তর: গ

৪. বাংলায় মুসলিম শাসন কোন শতাব্দীতে প্রতিষ্ঠিত হয়? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অডিটর : ১১ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০ - ১১ / পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]

ক অষ্টম শতাব্দী খ দশম শতাব্দী

গ দ্বাদশ শতাব্দী ঘ ত্রয়োদশ শতাব্দী উত্তর: ঘ

৫. মুহম্মদ বখতিয়ার খলজী কোন শতাব্দীতে বাংলাদেশে আসেন? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (খুলনা বিভাগ) : ০৫ / বন ও পরিবেশ মন্ত্রণালয়ে সহকারী পরিচালক : ৯৫]

ক একাদশ খ দশম

গ ত্রয়োদশ ঘ পঞ্চদশ উত্তর: গ

৬. ইতিহাস বিখ্যাত সেনানায়ক ইখতিয়ার উদ্দিন মুহম্মদ বিন বখতিয়ার খলজী কোন দেশের নাগরিক ছিলেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বাংলা) : ১৩-১৪]

ক পাকিস্তান খ তুরস্ক

গ আফগানিস্তান ঘ ভারত উত্তর: খ

Download More PDF @ www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight

Scanned by CamScanner

www.bdniyog.com



৭. দিল্লির ঐতিহাসিক জিয়াউদ্দিন বারাণী বাংলার নাম দিয়েছিলেন 'বুলগাকপুর', যার অর্থ – [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩]

ⓚ বিদ্রোহের নগর ⓖ শান্তির নগর
ⓖ সমৃদ্ধ নগর ⓖ শ্যামল নগর **উত্তর: ক**

৮. 'রিয়াজ আস সালাতিন' এটা কি ধরনের গ্রন্থ? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স-এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪]

ⓚ উপন্যাস ⓖ মহাকাব্য
ⓖ ঐতিহাসিক ⓖ প্রবন্ধ **উত্তর: গ**

ব্যাখ্যা: এই গ্রন্থটি ফারসি ভাষায় লিখিত বাংলায় মুসলিম শাসনের প্রথম পূর্ণাঙ্গ ইতিহাস গ্রন্থ। এর রচয়িতা গোলাম হোসেন সলিম। গ্রন্থটি ১২টি খণ্ডে বিভক্ত।

## হযরত শাহজালালের বাংলায় আগমন

হযরত শাহজালাল ছিলেন প্রখ্যাত দরবেশ ও ইসলাম প্রচারক। তিনি ১২৭১ খ্রিস্টাব্দে ইয়েমেনে (মতান্তরে তুরস্কে) জন্মগ্রহণ করেন। বিখ্যাত সুফী শাহপরান ছিলেন তাঁর ভাগ্নে এবং শিষ্য। সুলতান শামসুদ্দিন ফিরোজের শাসনামলে তিনি ৩৬০ জন শিষ্যসহ বাংলাদেশে আসেন। এ সময় সিলেটের রাজা ছিলেন গৌর গোবিন্দ। সুলতান শামসুদ্দিন ফিরোজের সৈন্যদল দু'বার সিলেট জয়ের চেষ্টা করে ব্যর্থ হন। হযরত শাহজালাল শামসুদ্দিন ফিরোজ শাহের সৈন্যদের সঙ্গে গৌর গোবিন্দের বিরুদ্ধে যুদ্ধে যোগদান করেন। গৌর গোবিন্দ পরাজিত হয়ে সিলেট ত্যাগ করে জঙ্গলে আশ্রয় নেন। ঐ অঞ্চল মুসলমানদের অধিকারে আসে। শাহজালাল মৃত্যু অবধি সিলেটে অবস্থান করেন এবং তিনিই ঐ অঞ্চলে ইসলাম বিস্তারের অগ্রনায়ক। এখানে উল্লেখ্য যে, হযরত শাহজালাল এবং হযরত শাহপরানের মাযার সিলেটে অবস্থিত। হযরত শাহজালাল (রহ.) এর ব্যবহৃত কতগুলো মূল্যবান পবিত্র দ্রব্যও মাজারের সন্নিকটে অতীব যত্নের সঙ্গে সংরক্ষিত আছে। যেমন: এক জোড়া কাঠের খড়ম, হরিণের চামড়ার তৈরি জায়নামাজ, একখানি তরবারী ইত্যাদি।



হযরত শাহজালালের তরবারি

## MCQ Solution

১. গৌর গোবিন্দ যে অঞ্চলের রাজা ছিল– [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৯-১০]

ⓚ চট্টগ্রাম ⓖ সিলেট
ⓖ গৌড় ⓖ পাণ্ডুয়া **উত্তর: খ**

২. হযরত শাহজালাল (র) কোন শাসককে পরাজিত করে সিলেটে আযান ধ্বনি দিয়েছিলেন? [সমাজসেবা অধিদপ্তরের উপজেলা সমাজসেবা অফিসার : ০৬/ জেলা সহকারী শিক্ষা অফিসার : ০৩]

ⓚ বিক্রমাদিত্য ⓖ কৃষ্ণচন্দ্র
ⓖ গৌর গোবিন্দ ⓖ লক্ষ্মণ সেন **উত্তর: গ**

৩. হযরত শাহজালাল কোন দেশের অধিবাসী ছিলেন? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬]

ⓚ আফগানিস্তান ⓖ তুরস্ক ⓖ ইরান
ⓖ বাংলাদেশ ⓓ ভারত **উত্তর: খ**

৪. ইয়েমেন থেকে আসা কোন দীনের মুজাহিদের তরবারী বাংলাদেশে সংরক্ষণ করা আছে? [পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক : ০৪]

ⓚ খান জাহান আলী (রা:) ⓖ বায়জীদ বোস্তামী (রা:)
ⓖ শাহ মখদুম (রা:) ⓖ শাহজালাল (রা:) **উত্তর: ঘ**

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

# বাংলায় স্বাধীন সুলতানী শাসন

দিল্লির সুলতানগণ ১৩৩৮-১৫৩৮ এ দুইশত বছর বাংলাকে তাদের অধিকারে রাখতে পারেনি। এ সময় বাংলার সুলতানরা স্বাধীনভাবে বাংলা শাসন করেন।

## ফখরউদ্দিন মুবারক শাহী শাসন (১৩৩৮-১৩৪৯ খ্রি.)

### ফখরউদ্দিন মুবারক শাহ

ফখরউদ্দিন মুবারক শাহের পূর্বনাম ফখরা। ১৩৩৮ সালে তিনি সোনারগাঁয়ের শাসন ক্ষমতা দখল ও স্বাধীনতা ঘোষণা করেন। স্বাধীন সুলতান হিসাবে তিনি উপাধি গ্রহণ করেন ফখরউদ্দিন মুবারক শাহ। তিনি ছিলেন বাংলার প্রথম স্বাধীন সুলতান। তবে তিনি পুরো বাংলা জয় করতে পারেননি।

## ইলিয়াস শাহী শাসন (১৩৪২ -১৪১২ খ্রি.)

### সুলতান শামসউদ্দিন ইলিয়াস শাহ (১৩৪২ - ১৩৫৮ খ্রি.)

১৩৫২ সালে ইলিয়াস শাহ পুরো বাংলার অধিকার করেন। এজন্য দিল্লির ঐতিহাসিক শামস-ই-সিরাজ আফীফ ইলিয়াস শাহকে 'শাহ-ই-বাঙ্গালাহ' বা 'শাহ-ই-বাঙ্গালিয়ান' বলে উল্লেখ করেছেন। 'বাঙ্গালাহ' নামটি তাঁর সময় থেকেই শুরু হয়। ইলিয়াস শাহ বাংলার রাজধানী গৌড় থেকে পাণ্ডুয়া নগরীতে স্থানান্তর করেন। তাঁর রাজত্বকালে বিখ্যাত সুফী সাধক শেখ সিরাজ উদ্দিন ও শেখ বিয়াবানী বাংলায় এসেছিলেন।

### সুলতান সিকান্দার শাহ (১৩৫৮ - ১৩৯০ খ্রি.)


পাণ্ডুয়ার আদিনা মসজিদ সিকান্দার শাহের অমর কীর্তি।

### সুলতান গিয়াসউদ্দিন আজম শাহ (১৩৯৩ - ১৪১১ খ্রি.)

এ যুগের সবচেয়ে জনপ্রিয় সুলতান ছিলেন গিয়াসউদ্দিন-আজম-শাহ। আজম শাহ বাংলা ভাষার পরম পৃষ্ঠপোষক ছিলেন। তাঁর সময়ে প্রথম বাঙালি কবি শাহ মুহম্মদ সগীর তাঁর কাব্য 'ইউসুফ জোলেখা' রচনা করেন। এ সময় কৃত্তিবাসের 'রামায়ণ' বাংলা অনুবাদ করা হয়। তিনি অত্যন্ত সাহিত্যানুরাগী ছিলেন। পারস্যের কবি হাফিজের সাথে তাঁর পত্রালাপ হতো। একবার তিনি কবি হাফিজকে বাংলাদেশে আসার দাওয়াত জানালে প্রত্যুত্তরে কবি হাফিজ একটি সুন্দর কবিতা লিখে পাঠিয়ে দেন।

## হুসাইন শাহী শাসন (১৪৯৩ - ১৫৩৮ খ্রি.)

### আলাউদ্দিন হুসাইন শাহ (১৪৯৩ - ১৫১৯ খ্রি.)



গৌড়ের ছোট সোনা মসজিদ

বাংলার স্বাধীন সুলতানদের মধ্য সর্বশ্রেষ্ঠ ছিলেন আলাউদ্দিন হুসাইন শাহ। হুসাইন শাহের আমলে বাংলার রাজধানী ছিল গৌড়। হুসাইন শাহের রাজত্বকালে শ্রীচৈতন্য হিন্দু সমাজে প্রচলিত সামাজিক কুসংস্কারের বিরুদ্ধে নদীয়ায় বৈষ্ণব আন্দোলন গড়ে তোলেন এবং বৈষ্ণব ধর্ম প্রচার করেন। বৃন্দাবন এই আন্দোলনের অন্যতম কেন্দ্র ছিল। তাঁর শাসনামলে বাংলা সাহিত্যের চরম উন্নতি হয়। তাঁর পৃষ্ঠপোষকতায় কবীন্দ্র পরমেশ্বর ও শ্রীকর নন্দী বাংলা ভাষায় 'মহাভারত' রচনা করেছিলেন।

Download More PDF @
www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



বিপ্রদাস, বিজয়গুপ্ত, যশোরাজ খান প্রমুখ সাহিত্যিকগণ তাঁর পৃষ্ঠপোষকতা লাভ করেছিলেন। হুসেন শাহী আমলে বাংলা গজল ও সুফী সাহিত্যের সৃষ্টি হয়। হুসাইন শাহের সময় স্থাপত্য শিল্পেরও খুব উন্নতি হয়। তাঁর শাসনামলে গৌড়ের ছোট সোনা মসজিদ ও গুমতিদ্বার নির্মিত হয়।

### আলাউদ্দিন নাসিরউদ্দিন নুসরাত শাহ (১৫১৯ - ১৫৩২ খ্রি.)

গৌড়ের বিখ্যাত বড় সোনা মসজিদ (বারদুয়ারি মসজিদ) এবং কদম রসুল ভবন সুলতান নাসির উদ্দিন নুসরাত শাহের অমরকীর্তি।

### গিয়াসউদ্দিন মাহমুদ শাহ

বাংলার শেষ স্বাধীন সুলতান ছিলেন গিয়াসউদ্দিন মাহমুদ শাহ। ১৫৩৮ সালে শেরশাহ গৌড় দখল করেন এবং বাংলায় স্বাধীন সুলতানী যুগের অবসান হয়।

## MCQ Solution

১. বাংলার প্রথম মুসলমান সুলতান কে ছিলেন? [আবহাওয়া অধিদপ্তরের অধীন সহকারী আবহাওয়াবিদ : ০০]
ⓚ বখতিয়ার খলজী ⓚ হোসেন শাহ
ⓖ ইলিয়াস শাহ ⓖ সরফরাজ খান **উত্তর: ক**

২. বাংলার প্রথম স্বাধীন সুলতান কে ছিলেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯ / ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ⓚ ফখরউদ্দিন ইলিয়াস শাহ ⓚ ফখরউদ্দিন মোবারক শাহ
ⓖ ফখরুদ্দিন জহির শাহ ⓖ মুহম্মদ ঘুরী **উত্তর: খ**

৩. বাংলায় স্বাধীন সুলতানি শাসন প্রতিষ্ঠা করেন কে? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ⓚ নবাব সিরাজউদ্দৌলা ⓚ নবাব আলীবর্দী খাঁ
ⓖ ফখরউদ্দিন মোবারক শাহ ⓖ ইখতিয়ার উদ্দিন মুহম্মদ বিন বখতিয়ার খলজী **উত্তর: গ**

৪. কোন শাসকের সময় থেকে সমগ্র বাংলা ভাষাভাষী অঞ্চল পরিচিত হয়ে উঠে বাঙ্গালাহ নামে? [১২তম বিসিএস/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৩-০৪]
ⓚ ফখরউদ্দিন মুবারক শাহ ⓚ শামসউদ্দিন ইলিয়াস শাহ
ⓖ আকবর ⓖ ঈসা খান **উত্তর: খ**

৫. কোন শাসনামলে সমগ্র বাংলা ভাষাভাষী অঞ্চল 'বাঙ্গালা' নামে অভিহিত হয়? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০]
ⓚ মৌর্য ⓚ গুপ্ত ⓖ পাল
ⓖ মুসলিম ⓤ ইংরেজ **উত্তর: ঘ**

৬. প্রাচীন বাংলার সবগুলো জনপদই একত্রে বাংলা নামে পরিচিতি লাভ করে কার আমল থেকে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ইছামতি) : ১০]
ⓚ সুলতান সিকান্দার শাহ ⓚ সুলতান শামসউদ্দিন ইলিয়াস শাহ
ⓖ নবাব সিরাজউদ্দৌলা ⓖ নবাব আলীবর্দী খাঁ **উত্তর: খ**

৭. উপাধি গ্রহণের মধ্যদিয়ে বাঙালিদের রাষ্ট্রীয় পরিচয় তুলে ধরেন যে শাসক, তার নাম - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩]
ⓚ বুগরা খান ⓚ ইলিয়াস শাহ
ⓖ বিজয় সেন ⓖ লক্ষ্মণ সেন **উত্তর: খ**

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

৮. শাহ্-ই-বাঙ্গালাহ অথবা শাহ-ই-বাঙ্গালিয়ান বাংলার কোন মুসলিম সুলতানের উপাধি ছিল? [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক : ৯৯]
ক) ফখরউদ্দিন মুবারক শাহ খ) শামসউদ্দীন ইলিয়াস শাহ
গ) আলাউদ্দিন হোসেন শাহ ঘ) নসরত শাহ উত্তর: খ

৯. 'বাঙ্গালাহ' নামের প্রচলন করেন - [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৮-০৯]
ক) শশাংক খ) ধর্মপাল
গ) ইলিয়াস শাহ ঘ) আকবর উত্তর: গ

১০. বাংলার প্রথম জনক কে? [পরিবার পরিকল্পনা অধিদপ্তর হিসাব রক্ষক : ১১]
ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান খ) শেরে বাংলা এ কে ফজলুল হক
গ) শামসুদ্দিন ইলিয়াস শাহ উত্তর: গ

১১. কবি হাফিজকে বাংলাদেশে আমন্ত্রণ জানিয়েছিলেন কোন নৃপতি? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী অফিসার : ৯৯]
ক) আলাউদ্দিন হুসাইন শাহ খ) রুকনউদ্দিন বারবক শাহ
গ) ফখরউদ্দিন মুবারক শাহ ঘ) গিয়াস উদ্দিন আজম শাহ উত্তর: ঘ

১২. ইরানের কবি হাফিজের সাথে পত্রালাপ হয়েছিল বাংলার কোন সুলতানের? [বাতিলকৃত ২৪ তম বিসিএস/ আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ০৭]
ক) গিয়াস উদ্দিন আজম শাহ খ) আলাউদ্দীন হুসাইন শাহ
গ) ফখরউদ্দিন মোবারক শাহ ঘ) ইলিয়াস শাহ উত্তর: ক

১৩. সুলতানী আমলে বাংলার রাজধানীর নাম কি? [২৭তম বিসিএস/ পল্লী উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী : ১৪ / প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (তেলটা) : ১৪/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউনিট ই): ১৩-১৪]
ক) সোনারগাঁও খ) জাহাঙ্গীরনগর
গ) ঢাকা ঘ) গৌড় উত্তর: ঘ
ব্যাখ্যা: সুলতানী আমলে বাংলার রাজধানী ছিল সোনারগাঁও (১৩৩৮-১৩৫২ খ্রি:) এবং গৌড় (১৪১৮-১৫৬৫ খ্রি:)।

১৪. কোন আমলে বাংলা গজল ও সুফি সাহিত্য সৃষ্টি হয়? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মেঘনা) : ১২/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (বরিশাল বিভাগ) : ০৮]
ক) ইলিয়াস শাহী খ) হুসাইন শাহী
গ) সুলতানি ঘ) মোগল উত্তর: খ

১৫. শ্রী চৈতন্যের আবির্ভাব ঘটেছিল যে সুলতানের শাসনামলে- [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৮-০৯]
ক) আলাউদ্দিন হুসাইন শাহ খ) নাসিরউদ্দিন মাহমুদ শাহ
গ) গিয়াস উদ্দিন ইওজ খলজি ঘ) নুসরত শাহ উত্তর: ক

১৬. বাংলা সাহিত্যের পৃষ্ঠপোষকতার জন্য বিখ্যাত শাসক – [প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৪]
ক) আলিবর্দি খাঁ খ) মুর্শিদ কুলি খাঁ
গ) ইসলাম খাঁ ঘ) আলাউদ্দিন হুসাইন শাহ উত্তর: ঘ

১৭. গৌড়ের সোনা মসজিদ কার আমলে নির্মিত হয়? [২৭তম বিসিএস]
ক) ফখরুদ্দিন মোবারক শাহ খ) হুসাইন শাহ
গ) শায়েস্তা খাঁ ঘ) ঈসা খাঁ উত্তর: খ

Download More PDF @ www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



১৮. **Who was the last independant Sultan of Bengal?** [Bangladesh Forest Development Asst. Manager : 13 / BASIC Bank Asst. Manager : 12]
ⓐ Shamsuddin Illiyas Shah ⓑ Ghiyasuddin Mahmud Shah
ⓒ Jalaluddin Fateh Shah ⓓ Rukunuddin Burbak Shah
ⓔ None of these **Ans. b**

১৯. **নিচের কোনটি গৌড়ীয় বৈষ্ণব আন্দোলনের সঙ্গে সম্পর্কিত নয়** - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১৩-১৪]
ⓚ এই আন্দোলন নদীয়ায় শুরু হয়েছিল ⓚ মীরাবাঈ এই আন্দোলনে যুক্ত ছিলেন
ⓖ শ্রীচৈতন্য ও শ্রীনিত্যানন্দ এর প্রবক্তা ছিলেন ⓖ বৃন্দাবন এই আন্দোলনের অন্যতম কেন্দ্র ছিল **উত্তর: খ**

২০. **ফ্রান্সের রাজা চতুর্দশ লুই এর ন্যায় কোন সুলতান ঘোষণা করেন "আমিই রাষ্ট্র"?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]
ⓚ গিয়াসউদ্দিন বলবন ⓚ জালালউদ্দিন খলজী
ⓖ বিন তুঘলক ⓖ আলাউদ্দিন খলজী **উত্তর: ঘ**

## পরিব্রাজকের বাংলায় আগমন

### পরিব্রাজক

পরিব্রাজক অর্থ - ১) অনবরত পর্যটনকারী ভিক্ষু বা সন্ন্যাসী, ২) পর্যটক।

### উপমহাদেশে আগমনকারী বিখ্যাত পরিব্রাজক

| পরিব্রাজকের নাম | দেশ | সময়কাল | তৎকালীন এদেশীয় শাসক |
|---|---|---|---|
| মেগাস্থিনিস | গ্রিস | খ্রিস্টপূর্ব ৩০২ | প্রথম চন্দ্রগুপ্ত |
| ফা-হিয়েন | চীন | ৪০১-৪১০ খ্রিস্টাব্দ | দ্বিতীয় চন্দ্রগুপ্ত |
| হিউয়েন সাঙ | চীন | ৬৩০ খ্রিস্টাব্দ | হর্ষবর্ধন |
| ইবনে বতুতা | মরক্কো | ১৩৪৫ খ্রিস্টাব্দ (বাংলায় আগমন) | বাংলার সুলতান : ফখরউদ্দিন মুবারক শাহ |
| | | ১৩৩৩ খ্রিস্টাব্দ (ভারতে আগমন) | দিল্লির সুলতান :মোহাম্মদ বিন তুঘলক |
| মা-হুয়ান | চীনা | ১৪০৬ খ্রিস্টাব্দ | গিয়াস উদ্দিন আজম শাহ |

### মেগাস্থিনিস (৩৫০ খ্রি.পূ. - ২৯০ খ্রি.পূ.)

মেগাস্থিনিস (Megasthenes) প্রাচীন গ্রিসের একজন পর্যটক এবং ভূগোলবিদ। তিনি এশিয়া মাইনরে জন্মগ্রহণ করেন। গ্রিক সেনাপতি সেলিউকাস খ্রিস্টপূর্ব ৩০২ অব্দে তাঁকে দূত হিসেবে প্রথম চন্দ্রগুপ্তের রাজদরবারে প্রেরণ করেছিলেন। তিনি কয়েক বছর এদেশে অবস্থান করে মৌর্য শাসন সম্পর্কে তাঁর অভিজ্ঞতা 'ইন্ডিকা' নামক গ্রন্থে লিপিবদ্ধ করেন।

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

## ফা-হিয়েন (৩৩৭ খ্রি. - ৪২২ খ্রি.)



ফা-হিয়েন (Faxian Fa-Hsien) প্রাচীন চৈনিক তীর্থযাত্রী। তিনি মধ্য এশিয়া, ভারত এবং শ্রীলঙ্কা ভ্রমণ করেন এবং তার ভ্রমণবৃত্তান্ত লিপিবদ্ধ করেন। দ্বিতীয় চন্দ্রগুপ্তের রাজত্বকালের ফা-হিয়েন নামক একজন চীনা পর্যটক ভারতে আসেন। তিনি ১০ বছর ভারতবর্ষে অবস্থান করেছিলেন। ফা-হিয়েন তাঁর ভারতে অবস্থানকালে তাঁর অভিজ্ঞতা সম্পর্কে ৭টি গ্রন্থ রচনা করেন। এর মধ্য 'ফো-কুয়ো-কিং' বিশেষ উল্লেখযোগ্য।


## হিউয়েন সাঙ (৬০২ খ্রি. - ৬৬৪ খ্রি.)

হিউয়েন সাঙ (Xuanzang) ছিলেন বিখ্যাত চীনা বৌদ্ধ ভিক্ষু, পন্ডিত, পর্যটক এবং অনুবাদক। ৬৩০ খ্রিস্টাব্দের কোনো এক সময়ে তিনি ভারতবর্ষে প্রবেশ করেছিলেন। হর্ষবর্ধনের দরবারে তিনি আটবছর কাটান। মহাস্থবির শীলভদ্র (৫২৯-৬৫৪ খ্রি.) বৌদ্ধ শাস্ত্রের একজন শাস্ত্রজ্ঞ এবং দার্শনিক ছিলেন। তিনি নালন্দা মহাবিহার বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষ ছিলেন। হিউয়েন সাঙ ২২ বছর ধরে শীলভদ্রের কাছে যাবতীয় শাস্ত্র অধ্যয়ন করেন। এরপর তিনি 'সিদ্ধি' নামক একটি গ্রন্থ রচনা করেন। নালন্দা ভারতের বিহার রাজ্যে অবস্থিত একটি প্রাচীন উচ্চশিক্ষা কেন্দ্র। প্রাচীন নালন্দা মহাবিহার বিহারের রাজধানী পাটনা থেকে ৫৫ কিমি. দক্ষিণ-পূর্বে অবস্থিত। খ্রিস্টীয় ৪২৭ অব্দ থেকে ১১৯৭ অব্দের মধ্যবর্তী সময়ে নালন্দা ছিল একটি প্রসিদ্ধ বৌদ্ধ শিক্ষা কেন্দ্র। এই মহাবিহারকে ইতিহাসের শ্রেষ্ঠ প্রাচীন বিশ্ববিদ্যালয়গুলোর অন্যতম মনে করা হয়। হিউয়েন সাঙসহ অধিকাংশ ঐতিহাসিকের মতে, নালন্দা বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছিল গুপ্ত সম্রাট শক্রাদিত্যের (অপর নাম কুমার গুপ্ত, রাজত্বকাল ৪১৫ -৪৫৫ অব্দ) সময়ে। ১১৯৩ সালে তুর্কি সেনাপতি বখতিয়ার খলজী নালন্দা মহাবিহার ধ্বংস করে ফেলেন। ১ সেপ্টেম্বর, ২০১৪ নালন্দা আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় পুনরায় প্রতিষ্ঠিত হয়।



BCS Spotlight

## ইবনে বতুতা (১৩০৪ খ্রি. - ১৩৬৯ খ্রি.)



ইবনে বতুতা (Ibn Battuta) ছিলেন সুন্নি মুসলিম পর্যটক, চিন্তাবিদ এবং বিচারক। তিনি ১৩০৪ খ্রিস্টাব্দে মরক্কোয় জন্মগ্রহণ করেন। পৃথিবী ভ্রমণের জন্য তিনি মূলত বিখ্যাত হয়ে আছেন। ১৩৩৩ খ্রিস্টাব্দে মুহম্মদ বিন তুঘলকের রাজত্বকালে ইবনে বতুতা ভারতবর্ষে আগমন করেন। সুলতানের সাথে পরিচয় ঘটলে তিনি এই পরিব্রাজককে কাজীর পদে নিযুক্ত করেন। ইবনে বতুতা অত্যন্ত কৃতিত্বের সাথে ৮ বছরকাল উক্ত পদে বহাল ছিলেন। অতঃপর সুলতানের বিরাগভাজন হয়ে কারারুদ্ধ হন। সুলতান এই বিদেশী পর্যটকের প্রতি দয়া পরবশ হয়ে ক্ষমা প্রদর্শন করেন। ইবনে বতুতা ফখরউদ্দিন মুবারক শাহের রাজত্বকালে (১৩৪৫-৪৬ খ্রিস্টাব্দে) বাংলায় আসেন। বাংলাদেশে আসার তাঁর মূল উদ্দেশ্য ছিল সিলেটে গিয়ে হযরত শাহজালালের সঙ্গে সাক্ষাৎ করা। ইবনে বতুতা দক্ষিণ ভারত থেকে সমুদ্র পথে চট্টগ্রামে আসেন।

Download More PDF @
www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

চট্টগ্রাম বন্দরে অবতরণ করে ইবনে বতুতা হযরত শাহজালালের সাথে সাক্ষাৎ করতে সিলেটে যান। তিনি সিলেট থেকে নদী পথে সোনারগাঁও আসেন। ইবনে বতুতা প্রথম বিদেশি পর্যটক হিসাবে "বাঙ্গালা" শব্দ ব্যবহার করেন। জীবনের নিত্যনৈমিত্তিক দ্রব্যাদির প্রাচুর্য ও স্বল্পমূল্য আর মনোরম প্রাকৃতিক দৃশ্যাবলী ইবনে বতুতাকে আকৃষ্ট করলেও এদেশের আবহাওয়া তাঁর পছন্দ হয়নি। এজন্য তিনি বাংলাদেশের নামকরণ করেন 'দোযখপুর আয নিয়ামত" বা 'আশীর্বাদপুষ্ট নরক" বা ধনপূর্ণ নরক। ইবনে বতুতার 'কিতাবুল রেহেলা' নামক গ্রন্থে বাংলার অপরূপ বর্ণনা পাওয়া যায়।

## MCQ Solution

১. পরিব্রাজক কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান বিভাগ) : ০৯-১০]
ⓚ পর্যটক ⓛ পরিদর্শক
ⓜ পরিচালক ⓝ কোনোটাই নয় উত্তর: ক

২. মেগাস্থিনিস কার রাজসভার গ্রিক দূত ছিলেন? [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৬-০৭]
ⓚ চন্দ্রগুপ্ত মৌর্য ⓛ অশোক
ⓜ ধর্মপাল ⓝ সমুদ্রগুপ্ত উত্তর: ক

৩. মেগাস্থিনিস তার কোন গ্রন্থে ভারতীয় উপমহাদেশ সম্পর্কে মূল্যবান তথ্য লিপিবদ্ধ করেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (আন্তর্জাতিক সম্পর্ক) : ১২-১৩]
ⓚ ইন্ডিয়া ⓛ ইন্ডিকা
ⓜ ইন্ডিয়ানা ⓝ ইন্ডাস উত্তর: খ

৪. ফা-হিয়েন ছিলেন- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ⓚ সম্রাট ⓛ সেনাপতি
ⓜ পরিব্রাজক ⓝ মন্ত্রী উত্তর: গ

৫. বাংলায় প্রথম চৈনিক পরিব্রাজক কে? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ০৮-০৯]
ⓚ ই-সিং ⓛ ফা হিয়েন
ⓜ ইউয়েন সাঙ ⓝ জেন ডং উত্তর: খ

৬. চীনা পরিব্রাজক ফা হিয়েন কখন ভারতবর্ষে অবস্থান করেন? [থানা সহকারী শিক্ষা অফিসার : ৯৯]
ⓚ ২০১-২১০ খ্রিস্টাব্দ ⓛ ৪০১-৪১০ খ্রিস্টাব্দ
ⓜ ৭০২-৭০৮ খ্রিস্টাব্দ ⓝ ৯০৫-৯১৪ খ্রিস্টাব্দ উত্তর: খ

৭. চীন দেশের কোন ভ্রমণকারী গুপ্তযুগে বাংলাদেশ আগমন করেন? [শ্রম অধিদপ্তরে শ্রম অফিসার : ৯৬]
ⓚ হিউয়েন সাঙ ⓛ ফা হিয়েন
ⓜ আইসিং ⓝ উপরের সবগুলোই উত্তর: খ

৮. চৈনিক পরিব্রাজক ফা-হিয়েন কার শাসনামলে বাংলায় আসেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২- ১৩/ জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৯-১০/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইসলামী ইতিহাস) : ০৭-০৮]
ⓚ দ্বিতীয় চন্দ্রগুপ্ত ⓛ আলাউদ্দীন হোসেন শাহ
ⓜ প্রথম চন্দ্রগুপ্ত ⓝ হর্ষবর্ধন উত্তর: ক

৯. হিউয়েন সাঙ কে ছিলেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃ-বিজ্ঞান) : ১৩-১৪]
ⓚ মঙ্গোলীয় পরিব্রাজক ⓛ চীনা ব্যবসায়ী
ⓜ মঙ্গোলীয় লেখক ⓝ চীনা পরিব্রাজক উত্তর: ঘ

১০. হিউয়েন সাঙ বাংলায় (ভারতবর্ষে) এসেছিলেন যার আমলে- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১৩-১৪ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ) : ০৮-০৯]
ⓚ সম্রাট অশোক ⓛ চন্দ্রগুপ্ত মৌর্য
ⓜ শশাংক ⓝ হর্ষবর্ধন উত্তর: ঘ

Download More PDF @ www.BDNiyog.com

Scanned by CamScanner

১১. চীনা পরিব্রাজক হিউয়েন সাঙ-এর দীক্ষাগুরু কে ছিলেন? [৩৫তম বিসিএস]
ক অতীশ দীপঙ্কর খ শীলভদ্র
গ মাহুয়ান ঘ মেগাস্থিনিস উত্তর: খ

১২. মহাবীর শীলভদ্র কোন মহাবিহারের আচার্য ছিলেন? [৩৫তম বিসিএস]
ক আনন্দ বিহার গ গোসিপো বিহার
খ নালন্দা বিহার ঘ সোমপুর বিহার উত্তর: খ

১৩. বিশ্বের প্রথম বিশ্ববিদ্যালয় কোনটি? [সহকারী থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা : ১৫/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০-১১]
ক হার্ভার্ড খ তুরিন
গ নালন্দা ঘ আল-হামরা উত্তর: গ

১৪. নালন্দা বিশ্ববিদ্যালয় কোন শতকে প্রতিষ্ঠিত হয়েছিল? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]
ক চতুর্থ শতকে খ পঞ্চম শতকে
গ ষষ্ঠ শতকে ঘ সপ্তম শতকে উত্তর: খ

১৫. **Famous tourist Ibne Batuta was the citizen of –** [Bangladesh Krishi Bank Senior Officer : 12]

**Or,**

ইবনে বতুতা কোন দেশের পর্যটক? [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৮-০৯/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮/ ইসলামী বিশ্ববিদ্যালয় : ০৫-০৬/ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক : ৯৭]
ⓐ Italy ⓑ Tibet
ⓒ Morocco ⓓ Greece **Ans. c**

১৬. কার রাজত্বকালে ইবনে বতুতা ভারতে এসেছিলেন? [নির্বাচন কমিশন সচিবালয়ে সহকারী পরিচালক : ৯৫]
ক মুহম্মদ বিন কাসেম খ মুহম্মদ বিন তুঘলক
গ সম্রাট হুমায়ুন ঘ সম্রাট আকবর উত্তর: খ

১৭. ইবনে বতুতা কার শাসনামলে বাংলায় আসেন? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইসলামী ইতিহাস ও সংস্কৃতি) : ০৫-০৬/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ক শামসউদ্দিন ফিরোজ শাহ খ হাজী ইলিয়াস শাহ
গ হুসাইন শাহ ঘ ফখরউদ্দিন মুবারক শাহ উত্তর: ঘ

১৮. ইবনে বতুতা কোন শতকে বাংলাদেশে আসেন? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কর্ণফুলী) : ১২ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (শিউলি) : ০৯]
ক চতুর্দশ খ সপ্তদশ
গ অষ্টাদশ ঘ ত্রয়োদশ উত্তর: ক

১৯. নিম্নের কোন পর্যটক সোনারগাঁও এসেছিলেন? [২৫তম বিসিএস/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (যমুনা) : ১২/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কপোতাক্ষ) : ১০ / যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক : ৯৯]
ক ফা-হিয়েন খ ইবনে বতুতা
গ মার্কো পোলো ঘ হিউয়েন সাং উত্তর: খ

২০. মধ্যযুগে কোন বিদেশি পরিব্রাজক প্রথম "বাঙ্গালা" শব্দ ব্যবহার করেন? [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে মেডিকেল অফিসার : ০৩]
ক কলম্বাস খ ইবনে বতুতা
গ কালিদাস ঘ বখতিয়ার খলজি উত্তর: খ

BCS Spotlight

Download More PDF @ www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight

Scanned by CamScanner

www.bdniyog.com

২১. ইবনে বতুতার গ্রন্থের নাম – [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]
ⓚ ইন্ডিকা ⓑ অর্থশাস্ত্র
ⓖ রেহেলা ⓓ তারিখ-ই-মুবারক শাহী **উত্তর: গ**

২২. কোন ব্যক্তি বাংলাদেশকে 'ধনসম্পদপূর্ণ নরক' বলে অভিহিত করেন? [সহকারী জজ : ০৯]
ⓚ ফা হিয়েন ⓑ ইবনে বতুতা
ⓖ হিউয়েন সাঙ ⓓ ইবনে খলদুন **উত্তর: খ**

২৩. ইবনে বতুতা বাংলায় কার সাথে সাক্ষাতের উদ্দেশ্যে এসেছিলেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১২-১৩]
ⓚ হযরত শাহ মখদুম ⓑ হযরত শাহ পরান
ⓖ হযরত শাহ সুলতান মাহিসওয়ার ⓓ হযরত শাহজালাল **উত্তর: ঘ**

২৪. চীন দেশীয় ইতিহাসের জনক সুমা-কিয়েন ভারতীয় ইতিহাসের গ্রন্থ রচনা করেন – [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (আন্তর্জাতিক সম্পর্ক) : ১২-১৩]
ⓚ খ্রিঃ পূর্ব ৩য় শতকে ⓑ খ্রিঃ পূর্ব ৪র্থ শতকে
ⓖ খ্রিঃ পূর্ব ৫ম শতকে ⓓ খ্রিঃ পূর্ব ১ম শতকে **উত্তর: ঘ**

ব্যাখ্যা : সিমা কিয়ান (Sima Qian - ১৩৫ খ্রি.পূ - ৮৬ খ্রি.পূ.) কে চৈনিক ইতিহাস লিখনধারার জনক হিসেবে বিবেচনা করা হয়। তার সর্বশ্রেষ্ঠ 'প্রধান ঐতিহাসিক দলিল' যা চৈনিকদের শিজি নামে অধিক পরিচিত।

## বারো ভূঁইয়াদের ইতিহাস (The History of the Baro-bhuyan)

সম্রাট আকবর পুরো বাংলার উপর অধিকার প্রতিষ্ঠিত করতে পারেননি। বাংলার বড় বড় জমিদাররা মুঘলদের অধীনতা মেনে নেয়নি। ভাটি অঞ্চলের জমিদারগণ তাদের নিজ নিজ জমিদারিতে স্বাধীন ছিলেন। স্বাধীনতা রক্ষার জন্য এরা একজোট হয়ে মুঘল সেনাপতির বিরুদ্ধে ঝাঁপিয়ে পড়তেন। বাংলার ইতিহাসে ভাটি অঞ্চলের এ জমিদারগণ বারো ভূঁইয়া নামে পরিচিত। এ বারো বলতে বারো জনের সংখ্যা বুঝায় না। ধারণা করা হয়, অনির্দিষ্ট সংখ্যক জমিদার বোঝাতেই বারো শব্দটি ব্যবহার করা হয়েছে।

BCS Spotlight

### ঈসা খাঁ (১৫২৯ - ১৫৯৯ খ্রি.)



বারো ভূঁইয়াদের নেতা ছিলেন ঈসা খান (Isa Khan)। তিনি বাংলার রাজধানী হিসেবে সোনারগাঁও এর পত্তন করেছিলেন। সম্রাট আকবরের সেনাপতিরা ঈসা খান ও অন্যান্য জমিদারের সাথে বহুবার যুদ্ধ করেছেন কিন্তু বারো ভূঁইয়াদের নেতা ঈসা খাঁকে পরাজিত করা সম্ভব হয়নি। ঈসা খাঁর মৃত্যুর পর বারো ভূইয়াদের নেতা হন ঈসা খাঁর পুত্র মুসাখান। এদিকে আকবরের মৃত্যু হলে মুঘল সম্রাট হন জাহাঙ্গীর। তাঁর আমলেই বাংলার বারো ভূইয়াদের চূড়ান্তভাবে দমন করা সম্ভব হয়। এ সাফল্যের দাবিদার সুবেদার ইসলাম খান। তিনি বারো ভূঁইয়াদের নেতা মুসা খানদের পরাস্ত করেন। ফলে অন্যান্য জমিদারগণ আত্মসমর্পণ করে। এভাবে বাংলায় বারো ভূঁইয়াদের শাসনের অবসান ঘটে।

Download More PDF @ www.BDNiyog.com

Scanned by CamScanner

## MCQ Solution

১. বাংলাদেশে বারো ভুঁইয়ার অভ্যুত্থান ঘটে – [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩]
ⓚ বাবরের সময় ⓛ আওরঙ্গজেবের সময়
ⓜ জাহাঙ্গীরের সময় ⓝ আকবরের সময় উত্তর: ঘ

২. বাংলার জমিদারগণ মুঘল শাসনের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলেন। এদের সংখ্যা নির্দিষ্ট করা প্রায় অসম্ভব। তাঁরা পরিচিত ছিলেন – [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]
ⓚ বারো মণ্ডল নামে ⓛ বারো কুতুব নামে
ⓜ বারো ভুঁইয়া নামে ⓝ বারো পঞ্চায়েত নামে উত্তর: গ

৩. **Who of the following is one of the 'Baro Bhuiyans' of Bengal?/** নিচের কে বারো ভুঁইয়াদের একজন ছিলেন? [Janata Bank Ltd. Officer : 09]
ⓐ Isa Khan ⓑ Shaesta Khan
ⓒ Mansingha ⓓ Islam Khan
ⓔ All **Ans. a**

৪. **Isa khan ruled the 'Bhati region' of medieval Bengal during the period – /** বাংলার ভাটি অঞ্চলের শাসক ঈসা খাঁ এর জীবনকাল – [Jahangirnagar University Admission Test (International Affairs) : 13-14]
ⓐ 1529-1595 ⓑ 1529-1596
ⓒ 1529-1598 ⓓ 1529-1599 **Ans. d**

৫. ঈসা খাঁর রাজধানী কোথায় অবস্থিত? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪]
ⓚ গৌড় ⓛ লক্ষণাবতী
ⓜ মহাস্থানগড় ⓝ সোনারগাঁও উত্তর: ঘ

৬. বাংলার রাজধানী হিসেবে সোনারগাঁও এর পত্তন করেছিলেন কে? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম) : ১২/ জাতীয় রাজস্ব বোর্ডের ইন্সপেক্টর : ১০/ সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৭/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪ ]
ⓚ শাহজাদা আজম ⓛ সুবেদার ইসলাম খান
ⓜ সম্রাট আকবর ⓝ ঈসা খাঁ উত্তর: ঘ

৭. **During which period, Sonargaon was the capital of Bangladesh?** [Jahangirnagar University (International Affairs) : 13-14]

**Or,**

সোনারগাঁও কোন আমলে বাংলাদেশের রাজধানী ছিল? [বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী : ১৩/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০ -১১ / বাংলাদেশ রেলওয়ে হাসপাতালসমূহে সহকারী সার্জন : ০৫]
ⓐ Sultanate rule ⓑ Mughal rule
ⓒ Pala dynasty ⓓ Maurya dynasty Ans. b

৮. কোন মুঘল সম্রাটের সময় বাংলা বিজিত হয়? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ⓚ বাবর ⓛ জাহাঙ্গীর
ⓜ আকবর ⓝ আওরঙ্গজেব উত্তর: খ

Download More PDF @ www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



# বাংলায় মুঘল শাসন

সুবেদারী ও নবাবী এ দু পর্বে বাংলায় মুঘল শাসনকাল অতিবাহিত হয়।

## বাংলায় সুবেদারী শাসন

বারো ভূঁইয়াদের দমনের পর সমগ্র বাংলায় সুবেদারী প্রতিষ্ঠিত হয়। মুঘল প্রদেশগুলো 'সুবা' নামে পরিচিত ছিল। বাংলা ছিল মুঘলদের অন্যতম সুবা।

| বাংলার সুবেদার | তথ্যকণিকা | তৎকালীন মুঘল সম্রাট |
|---|---|---|
| ইসলাম খান (১৬০৮ - ১৬১৩ খ্রি.) | ইসলাম খান বারো ভূঁইয়াদের দমন করে বাংলায় সুবেদারি শাসন প্রতিষ্ঠা করেন। তিনি বাংলার রাজধানী হিসাবে ঢাকা শহরের গোড়াপত্তন করেন। তিনি ১৬১০ খ্রিষ্টাব্দে সুবা বাংলার রাজধানী রাজমহল থেকে ঢাকায় স্থানান্তরিত করেন। সম্রাটের নামানুসারে তিনি ঢাকার নামকরণ করেন জাহাঙ্গীরনগর। তিনি ঢাকার 'দোলাই খাল' খনন করেন। | সম্রাট জাহাঙ্গীর |
| কাসিম খান জুয়িনী (১৬২৮-১৬৩২খ্রি.) | পর্তুগিজদের অত্যাচারের মাত্রা চরমে উঠলে সম্রাট শাহজাহান তাদেরকে এদেশ থেকে তাড়িয়ে দেওয়ার আদেশ দেন। সম্রাটের আদেশে বাংলার সুবাদার কাসিম খান পতুর্গিজদের হুগলি থেকে উচ্ছেদ করেন। | সম্রাট শাহজাহান |
| যুবরাজ শাহ সুজা | সুবাদার শাহ সুজা মুঘল সম্রাট শাহজাহানের দ্বিতীয় পুত্র ছিলেন। তিনি ঢাকার চকবাজারের 'বড় কাটরা' নির্মাণ করেন। | |
| মীরজুমলা (১৬৬০-১৬৬৩ খ্রি.) | সুবাদার মীর জুমলা 'ঢাকা গেট' নির্মাণ করেন। তিনি আসাম যুদ্ধে যে কামান ব্যবহার করেন তা বর্তমানে ওসমানী উদ্যানে সংরক্ষিত আছে। | |
|  শায়েস্তা খান | শায়েস্তা খাঁ (Shaista Khan) দু' দফায় মোট ২২ বছর বাংলা শাসন করেন। প্রথমে ১৬৬৪ থেকে ১৬৭৮ খ্রি. এবং দ্বিতীয়বার ১৬৮০ থেকে ১৬৮৮ খ্রি. পর্যন্ত। তিনি চট্টগ্রাম ও সন্দ্বীপ দখল করেন। তিনি চট্টগ্রামের নাম রাখেন ইসলামাবাদ। তিনি মগ ও পর্তুগিজ জলদস্যুদের এ অঞ্চল থেকে বিতাড়িত করেন। সুবেদার শায়েস্তা খান স্থাপত্য শিল্পের জন্য বিশেষ বিখ্যাত। স্থাপত্য শিল্পের বিকাশের জন্য এই যুগকে বাংলায় মুঘলদের স্বর্ণযুগ বলা হয়। ঢাকায় শায়েস্তা খান নির্মিত কীর্তিগুলো হলো - ঢাকার চকবাজারের ছোট কাটরা, লালবাগের কেল্লা, চক মসজিদ, সাত গম্বুজ মসজিদ। | সম্রাট আওরঙ্গজেব |

BCS Spotlight

Download More PDF @ www.BDNiyog.com

Scanned by CamScanner

রাজধানী ঢাকা : বাংলাদেশের রাজধানী ঢাকা। ঢাকা এ পর্যন্ত পাঁচবার বাংলার রাজধানী হয়।

| ক্রম | সময়কাল | অঞ্চল | স্থানান্তরকারী |
|---|---|---|---|
| ১ | ১৬১০ সালে | সুবা বাংলা | সুবেদার ইসলাম খান |
| ২ | ১৬৬০ সালে | সুবা বাংলা | সুবেদার মীর জুমলা |
| ৩ | ১৯০৫ সালে | পূর্ববঙ্গ ও আসাম | লর্ড কার্জন |
| ৪ | ১৯৪৭ সালে | পূর্ব পাকিস্তান | পাকিস্তান সরকার |
| ৫ | ১৯৭১ সালে | বাংলাদেশ | বাংলাদেশ সরকার |

## MCQ Solution

১. 'সুবা বাংলা' শব্দটি প্রথম ব্যবহার করা হয় – [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১৩-১৪]
ⓐ সম্রাট জাহাঙ্গীরের সময়ে ⓑ সম্রাট শাহজাহানের সময়ে
ⓒ সম্রাট হুমায়ুনের সময়ে ⓓ সম্রাট আকবরের সময়ে **উত্তর: ক**

২. বাংলার প্রথম সুবাদার কে ছিলেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ⓐ মীর জুমলা ⓑ ইসলাম খান
ⓒ মান সিংহ ⓓ শায়েস্তা খান **উত্তর: খ**

৩. ঢাকা শহরের গোড়াপত্তন হয়- [উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা : ১০/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]
ⓐ ব্রিটিশ আমলে ⓑ সুলতানি আমলে
ⓒ মুঘল আমলে ⓓ স্বাধীন নবাবী আমলে **উত্তর: গ**

৪. কোন নগরী মোঘল আমলে সুবা বাংলার রাজধানী ছিল? [১৬তম বিসিএস/ জাতীয় রাজস্ব বোর্ডের ইন্সপেক্টর : ১০]
ⓐ গৌড় ⓑ সোনারগাঁও
ⓒ ঢাকা ⓓ হুগলী **উত্তর: গ**

৫. ঢাকা কখন সর্ব প্রথম বাংলার রাজধানী হয়েছিল? [২৮ তম বিসিএস/ বাতিলকৃত ২৪ তম বিসিএস / ২১তম বিসিএস/ ১০তম বিসিএস/ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব : ১৫/ ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ -১৫]
ⓐ ১২৫৫ খ্রিস্টাব্দে ⓑ ১৬১০ খ্রিস্টাব্দে
ⓒ ১৯০৫ খ্রিস্টাব্দে ⓓ ১৯৪৭ খ্রিস্টাব্দে **উত্তর: খ**

৬. ঢাকা শহর কোন সালে প্রতিষ্ঠিত হয়? [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার : ১০]
ⓐ ১৫০০ খ্রিস্টাব্দ ⓑ ১৫১০ খ্রিস্টাব্দ
ⓒ ১৬১০ খ্রিস্টাব্দ ⓓ ১৬১২ খ্রিস্টাব্দ **উত্তর: গ**

৭. নগর হিসেবে প্রতিষ্ঠিত হবার পর ঢাকা বর্তমানে এর কততম শতাব্দী অতিক্রম করেছে? [শিল্প মন্ত্রণালয়ের অধীন বিসিআইসি'র সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) : ১১]
ⓐ ৫ম ⓑ ২য়
ⓒ ৪র্থ ⓓ ৩য় **উত্তর: ক**
ব্যাখ্যা: ২০১৭ - ১৬১০ = ৪০৭ বছর।

৮. ঢাকায় বাংলার রাজধানী স্থাপনের সময় মোগল সুবেদার কে ছিলেন? [২৬তম বিসিএস/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (হোল্লাহো) : ১৩ / বিআরডিবির সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১২/ সমবায় অধিদপ্তরের প্রশাসনিক কর্মকর্তা : ১৭]
ⓐ ইসলাম খান ⓑ ইব্রাহীম খান
ⓒ শায়েস্তা খান ⓓ মীর জুমলা **উত্তর: ক**

Download More PDF @
www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



৯. ঢাকায় প্রথম বাংলার রাজধানী স্থাপন করেন- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ⓚ সম্রাট আকবর ⓚ সম্রাট জাহাঙ্গীর
ⓖ ইসলাম খাঁ ⓖ শায়েস্তা খান
উত্তর: গ

১০. বাংলার মোঘল প্রদেশের রাজধানী স্থাপন করেন– [মহা হিসাবরক্ষক ও নিরীক্ষক এর অধীনে 'অডিটর' : ৯৮]
ⓚ শাহ সুজা ⓚ মীর জুমলা
ⓖ শায়েস্তা খাঁ ⓖ ইসলাম খান
উত্তর: ঘ

১১. কার সময় বাংলার রাজধানী ঢাকায় স্থাপন করা হয়? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ৯৩]
ⓚ বখতিয়ার খলজী ⓚ মুর্শীদকুলি খাঁ
ⓖ সম্রাট জাহাঙ্গীর ⓖ শেরশাহ
উত্তর: গ

১২. ঢাকার নাম 'জাহাঙ্গীরনগর' রাখেন কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (দোয়েল) : ০৮ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ব ইউনিট) : ০৮-০৯/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম বিভাগ) : ০৩-০৪]
ⓚ শায়েস্তা খান ⓚ সুবাদার ইসলাম খান
ⓖ ইব্রাহিম খান ⓖ মীর জুমলা
উত্তর: খ

১৩. প্রাচীন জাহাঙ্গীরনগরের বর্তমান নাম কি? [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের হাইকোর্টের রেজিস্ট্রার : ৯৪]
ⓚ ঢাকা ⓚ চট্টগ্রাম
ⓖ খুলনা ⓖ সোনারগাঁও
উত্তর: ক

১৪. মোঘল আমলে ঢাকার নাম কি ছিল? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ব্যবস্থাপনা) : ০৭-০৮]
ⓚ ইসলামাবাদ ⓚ পরীবাগ
ⓖ জাহাঙ্গীরনগর ⓖ সোনারগাঁও
উত্তর: গ

১৫. ঢাকার প্রাচীন নাম কি? [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ০৯]
ⓚ জাহাঙ্গীরনগর ⓚ ইসলামপুর
ⓖ সোনারগাঁও ⓖ ঢাকা
উত্তর: ক

১৬. সুবাদার ইসলাম খান ঢাকার নাম রাখেন– [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (পদ্মা) : ১২]
ⓚ জাহাঙ্গীরনগর ⓚ জান্নাতাবাদ
ⓖ ইসলামাবাদ ⓖ নাসিরাবাদ
উত্তর: ক

১৭. বাংলাদেশের রাজধানী কোথায়? [৩৩তম বিসিএস]
ⓚ ঢাকা উত্তর ⓚ ঢাকা দক্ষিণ
ⓖ ঢাকা ⓖ শেরে বাংলা নগর
উত্তর : গ

১৮. স্বাধীন বাংলাদেশের রাজধানী হওয়ার পূর্বে ঢাকা বাংলার রাজধানী ছিল– [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মেঘনা) : ১২ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (গোলাপ) : ০৯]
ⓚ তিনবার ⓚ চারবার
ⓖ দুইবার ⓖ একবার
উত্তর: খ

১৯. ঢাকার 'ধোলাই খাল' কে খনন করেন? [৩৩তম বিসিএস]
ⓚ পরিবিবি ⓚ ইসলাম খান
ⓖ শায়েস্তা খান ⓖ ঈশা খান
উত্তর: খ

২০. কোন সম্রাটের আমলে পর্তুগিজদের হুগলি থেকে উচ্ছেদ করা হয়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব বিভাগ) : ০৯-১০]
ⓚ আকবর ⓚ শাহজাহান
ⓖ বাবর ⓖ জাহাঙ্গীর
উত্তর: খ

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

২১. কোন মুঘল সুবেদার পর্তুগিজদের চট্টগ্রাম থেকে বিতাড়িত করেন? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (বুড়িগঙ্গা) : ১৩/ দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক : ০৩]
ⓚ কাসিম খান ⓚ ইসলাম খান
ⓖ মীরজুমলা ⓖ শায়েস্তা খান **উত্তর: ঘ**

২২. বাংলার দক্ষিণ অঞ্চলের মানুষকে পর্তুগিজ ও মগ জলদস্যুদের অত্যাচার থেকে কে রক্ষা করেন? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ঢাকা বিভাগ) : ০৮]
ⓚ মুর্শিদকুলী খান ⓚ ইসলাম খান
ⓖ শায়েস্তা খান ⓖ ঈসা খান **উত্তর: গ**

২৩. কোন মুঘল সুবেদার চট্টগ্রাম দখল করে এর নাম রাখেন ইসলামাবাদ? [বাতিলকৃত ২৪তম বিসিএস/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (সুরমা, যমুনা) : ১৩ / জাতীয় সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৯]
ⓚ ইসলাম খান ⓚ রাজা মানসিংহ
ⓖ মীর জুমলা ⓖ শায়েস্তা খান **উত্তর: ঘ**

২৪. কার শাসনামলে চট্টগ্রাম প্রথমবারের মত পূর্ণভাবে বাংলার সাথে যুক্ত হয়? [শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা : ০৭-০৮]
ⓚ মুর্শিদকুলি খান ⓚ শায়েস্তা খান
ⓖ আলীবর্দী খান ⓖ উপরের কোনটিই সত্য নয় **উত্তর: খ**

২৫. **The geographical area now constituting Bangladesh was ruled by Muslims:/ বাংলাদেশের বর্তমান ভৌগলিক এলাকা মুসলমান কর্তৃক শাসিত হয়-** [IFIC Bank Ltd. Probationary Officer : 96]
ⓐ From 14th to 18th century A.D (চতুর্দশ থেকে অষ্টাদশ শতাব্দী পর্যন্ত)
ⓑ In 15th century A.D (পঞ্চদশ শতাব্দীতে)
ⓒ During Mughal period (মুঘল শাসনামলে)
ⓓ Before 14th century A.D (চতুর্দশ শতাব্দীর পূর্বে) **Ans. c**
ব্যাখ্যা : বাংলা বিভিন্ন সময় বিভিন্ন শাসক কর্তৃক শাসিত হলেও চট্টগ্রাম তার অন্তর্ভুক্ত ছিলনা। চট্টগ্রাম প্রথমবারের মত বাংলার অন্তর্ভুক্ত হয় মুঘল আমলে।

২৬. ঢাকার বড় কাটরা ও ছোট কাটরা শহরের নিম্নোক্ত এলাকায় অবস্থিত- [১৭তম বিসিএস / যোগাযোগ মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা : ০৮]
ⓚ চকবাজারে ⓚ সদরঘাটে
ⓖ লালবাগ ⓖ ইসলামপুর **উত্তর: ক**

২৭. ঢাকার বড় কাটরা নির্মাণ করেছেন – [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক : ১৩]
ⓚ সম্রাট আওরঙ্গজেব ⓚ শাহ সুজা
ⓖ শাহ আলম ⓖ শায়েস্তা খান **উত্তর: খ**

২৮. ঢাকার বিখ্যাত ছোট কাটরা নির্মাণ করেন কে? [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (হাসনাহেনা) : ১১ / খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক : ০৯/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (খুলনা বিভাগ) : ০৫]
ⓚ নবাব সিরাজউদ্দৌলা ⓚ শায়েস্তা খাঁ
ⓖ ঈসা খাঁ ⓖ সুবেদার ইসলাম **উত্তর: খ**

২৯. ঢাকার চকের মসজিদের নির্মাতা- [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (শিউলি) : ১১]
ⓚ মীর জুমলা ⓚ ইসলাম খান
ⓖ শায়েস্তা খান ⓖ মুরশীদ কুলি খান **উত্তর: গ**

Download More PDF @ www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



# বাংলায় নবাবী শাসন



## নবাব মুর্শিদকুলী খান (১৭১৭ - ১৭২৭ খ্রি.)

সুবেদার মুর্শিদকুলী খানের সময় থেকে বাংলা সুবা প্রায় স্বাধীন হয়ে পড়ে। নবাব মুর্শিদকুলী খান বাংলার প্রথম স্বাধীন নবাব। নবাব মুর্শিদকুলী খান বাংলার রাজধানী ঢাকা থেকে মুর্শিদাবাদে স্থানান্তর করেন।

## নবাব আলীবর্দী খান (১৭৪০-১৭৫৬ খ্রি.)

আলীবর্দী খানের শাসনামলে মারাঠারা প্রতিবছর বাংলা, বিহার ও উড়িষ্যা আক্রমণ করত। মারাঠাদের আক্রমণকে বাংলার ইতিহাসে বর্গীর হাঙ্গামা বলা হয়। তিনি মারাঠাদের সাথে চুক্তি করে বাংলাকে মারাঠাদের আক্রমণ হতে রক্ষা করেন।

## নবাব সিরাজ-উ-দ্দৌলা (১৭৫৬-১৭৫৭ খ্রি.)



আলীবর্দী খানের কোনো পুত্র সন্তান ছিলনা। ছোট মেয়ে আমেনার বিবাহ হয় জয়েরউদ্দিনের সাথে। তাঁদের সন্তান সিরাজ-উ-দ্দৌলাকে তিনি তাঁর উত্তরাধিকারী মনোনীত করে যান। সিরাজউদ্দৌলার প্রকৃত নাম মীর্জা মুহম্মদ আলী। তিনি ছিলেন বাংলার শেষ স্বাধীন নবাব। ১৭৫৬ সালের ১০ এপ্রিল সিরাজ-উ-দ্দৌলা বাংলার সিংহাসনে আরোহণ করেন। এ সময় তাঁর বয়স ছিল মাত্র ২২ বছর। সিরাজ সিংহাসন লাভ করায় তার বড় খালা ঘষেটি বেগম এবং দরবারের প্রভাবশালীগণ নবাবের বিরুদ্ধে ষড়যন্ত্র শুরু করেন। ইংরেজগণ এ ষড়যন্ত্রে যোগ দেয়।

**ইংরেজদের বিরুদ্ধে অভিযান :** ১৭৫৬ সালে নবাব সিরাজউদ্দৌলা কলকাতায় ইংরেজদের ফোর্ট উইলিয়াম দুর্গ অধিকার করেন। কলকাতা অধিকার করে সিরাজউদ্দৌলা নিজ মাতামহের নামানুসারে এর নাম রাখেন আলীনগর।

**অন্ধকূপ হত্যা কাহিনী :** নবাবের কলকাতা অভিযান প্রাক্কালে হলওয়েলসহ কতিপয় ইংরেজ কর্মচারী ফোর্ট উইলিয়ামে বন্দী হয়েছিলেন। তার মধ্যে ঐতিহাসিক হলওয়েলের বর্ণনা মতে জানা যায় যে, নবাব ১৪৬ জন ইংরেজ বন্দী একটি ক্ষুদ্র অন্ধকার প্রকোষ্ঠে আবদ্ধ করে রাখেন। জুন মাসে প্রচণ্ড গরমে ক্ষুদ্র পরিসরে ১৪৬ জন ইংরেজ বন্দীর মধ্য ১২৩ জন শ্বাসরুদ্ধ হয়ে মৃত্যুবরণ করে। হলওয়েল কর্তৃক প্রচারিত এই কাহিনী 'অন্ধকূপ হত্যা' নামে পরিচিত। অন্ধকূপ কাহিনীর পশ্চাতে কোন ঐতিহাসিক সত্যতা খুজে পাওয়া যায় না।

**পলাশীর যুদ্ধ :** ২৩ জুন, ১৭৫৭ পলাশীর প্রান্তরে নবাবের সাথে ইংরেজদের যুদ্ধ হয়। মীরমদন, মোহনলাল প্রমুখ দেশপ্রেমিক সৈনিকগণ প্রাণপণ যুদ্ধ করলেও নবাবের সেনাপতি মীরজাফর, জগৎশেঠ, রায়দুর্লভ, ইয়ারলতিফ, উমিচাঁদ এদের ন্যায় দেশদ্রোহীদের ষড়যন্ত্রে নবাব পরাজিত ও নিহত হন। এ যুদ্ধের মাধ্যমে বাংলার স্বাধীনতার সূর্য অস্তমিত হয়। সিরাজ-উ-দ্দৌলার হত্যাকারী মোহাম্মদী বেগ। (মতান্তরে মীর জাফরের পুত্র মীরন)

BCS Spotlight

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

## মীর কাসিম (১৭৬০ - ৬৪ খ্রি.)

মীর কাসিম (Mir Qasim) ছিলেন মীর জাফরের জামাতা। তিনি ১৭৬০ সালে বাংলার সিংহাসনে আরোহণ করেন। মীর কাসিম ছিলেন একজন সুযোগ্য শাসক ও একনিষ্ঠ দেশপ্রেমিক। তাই প্রশাসনকে ইংরেজ প্রভাবমুক্ত করার জন্য বিচক্ষণ নবাব সর্বাগ্রে রাজধানী মুর্শিদাবাদ থেকে মুঙ্গেরে স্থানান্তরিত করেন।

## বক্সারের যুদ্ধ (Battle of Buxer)

| | | |
|---|---|---|
| প্রতিপক্ষ | ইংরেজ বাহিনী | বাংলা, অযোধ্যা ও দিল্লির সম্রাটের মিত্রবাহিনী |
| সময়কাল | ১৭৬৪ খ্রিস্টাব্দ | |
| স্থান | বক্সারের প্রান্তর | |
| ফলাফল | মীর কাসিমের নেতৃত্বাধীন মিত্রবাহিনী ইংরেজদের কাছে শোচনীয় ভাবে পরাজিত হয়। পলাশীর যুদ্ধান্তে শুধুমাত্র বাংলাদেশে ইংরেজদের প্রভুত্ব স্থাপিত হয়। কিন্তু বক্সারের যুদ্ধে মিত্র শক্তির পরাজয়ের ফলে উপমহাদেশের সার্বভৌম শক্তি পদানত হয়। | |

## MCQ Solution

১. **বাংলাদেশের প্রথম স্বাধীন নবাব কে?** [৩৭তম বিসিএস]
ক) নবাব সিরাজউদ্দৌলা খ) মুর্শিদ কুলী খান
গ) ইলিয়াস শাহ ঘ) আলাউদ্দিন হুসেন শাহ **উত্তর: খ**

২. **বাংলার নবাবী শাসন কোন সুবাদারের সময় থেকে শুরু হয়?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ক) ইসলাম খান খ) মুর্শিদকুলী খান
গ) শায়েস্তা খান ঘ) আলীবর্দী খান **উত্তর: খ**

৩. **কোন মোঘল সুবেদার বাংলার রাজধানী ঢাকা হইতে মুর্শিদাবাদে স্থানান্তর করেন?** [১৫তম বিসিএস/ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী প্রধান পরিদর্শক (সাধারণ) : ০৯]
ক) ইসলাম খান খ) শায়েস্তা খান
গ) মুর্শিদকুলি খান ঘ) আলীবর্দী খান **উত্তর: গ**

৪. **মুসলমান শাসনামলে এদেশে এসে অত্যাচার ও লুট করেছে কারা?** [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট : ১০]
ক) জলদস্যুরা খ) পর্তুগিজরা
গ) বর্গীরা ঘ) ইংরেজরা **উত্তর: গ**

৫. **নবাব সিরাজ-উ-দ্দৌলার পিতার নাম কি?** [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট : ০৫]
ক) জয়েন উদ্দিন খ) আলীবর্দী খাঁ
গ) শওকত জং ঘ) হায়দার আলী **উত্তর: ক**

৬. **সিরাজউদ্দৌলার প্রকৃত নাম কী ছিল?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ -১৫]
ক) মির্জা মোহম্মাদ খ) মির্জা আলম
গ) মির্জা খলিল ঘ) মির্জ আজম **উত্তর: ক**

৭. **কত সালে নবাব সিরাজ-উদ-দৌলা বাংলার সিংহাসনে বসেন?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন বিভাগ) : ০৪-০৫]
ক) ১৭৫৬ খ) ১৮৫৬
গ) ১৭৫৭ ঘ) ১৮৫৭ **উত্তর: ক**

Download More PDF @ www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight

Scanned by CamScanner